

সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য

স্কুলে যাওয়া এবং ফেরার সময় আপনার সন্তানের নিরাপত্তার দায়িত্ব আপনারই।

নিরাপদে বাইসাইকেল চালান

অপেক্ষাকৃত ছোট শিশুরা যেহেতু এখনও একাকী বাইক, স্কুটার এবং স্কেটবোর্ডে চড়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করছে, সেহেতু বেড়া দিয়ে ঘেরা জায়গাই তাদের জন্য এগুলোতে চড়ার সবচেয়ে নিরাপদ জায়গা।

শিশুদের বয়স অন্তত ১০ বছর না হওয়া পর্যন্ত তাদের উচিত গাড়ী এবং ড্রাইভওয়ে থেকে দূরে এগুলোতে চড়া। যেহেতু তারা চড়তে শিখছে, সেহেতু তাদের সাথে পাশাপাশি বাইসাইকেল চালানো কিংবা হাঁটা এবং কীভাবে নিরাপদে বাইসাইকেল চালাতে হয় সে সম্পর্কে কথা বলা গুরুত্বপূর্ণ।

১০ থেকে ১২ বছর বয়সী শিশুদের উচিত ব্যস্ত রাস্তা থেকে দূরে সাইকেলে চড়া।

১৬ বছরের কম বয়সী শিশু এবং তাদের সাথে থেকে তাদের উপর খেয়াল রাখছে এমন প্রাপ্ত বয়স্করা ফুটপাথে সাইকেল চালাতে পারে, যদি না এমন কোনো সাইন থাকে যে সেখানে সাইকেল চালানো বিশেষভাবে নিষিদ্ধ।

সবসময় নীচের বিষয়গুলো খেয়াল রাখতে বলার মাধ্যমে আপনি আপনার শিশুকে নিরাপদে বাইসাইকেল চালানো শেখাতে পারেন:

- রাস্তায় বাইসাইকেল চালানোর নিয়ম মেনে চলতে বলা যেমন:
 - ফুটপাথের বাম দিক ঘেঁষে চালানো
 - ফুটপাথে পথচারীদের আগে যেতে দেওয়া
 - ড্রাইভওয়েতে কোনো গাড়ী চুকছে কিংবা বের হচ্ছে কিনা তা খেয়াল রাখা
- মাথায় সঠিকভাবে লাগানো বাইসাইকেল হেলমেট পরিধান করা – এটাই আইন
- উজ্জ্বল রঙের কাপড় যেমন ভেস্ট পরিধান করা যাতে করে রাস্তায় চলাচল করা অন্যরা তাদেরকে দেখতে পায়।

অপেক্ষাকৃত বড় শিশুদের ক্ষেত্রে, তাদের নিজে নিজে সাইকেল চালানোর সক্ষমতা বিচার করার সময় নিম্নলিখিত বিষয়গুলো সাবধানতার সাথে চিন্তা করুন:

- সাইকেল চালানোর পথটি কতটুকু নিরাপদ?
- সাইকেল চালানোতে তাদের দক্ষতা কেমন?
- ট্রাফিক পরিবেশে তাদের আশেপাশের ব্যাপারে তারা কতটুকু সচেতন?
- অপ্রত্যাশিত বিপদ মোকাবেলায় তারা কতটুকু দক্ষ?

আপনার সন্তানের স্কুলে শিক্ষার্থীদের জন্য স্কুল প্রাঙ্গণে বাইক নিয়ে আসার ব্যাপারে কিছু পদ্ধতি থাকবে। আপনার শিশু যাতে এই নিয়মগুলো সবসময় মেনে চলে তা নিশ্চিত করুন।



আরও সহায়তার জন্য

ডিপার্টমেন্ট এর সড়ক নিরাপত্তা সংক্রান্ত শিক্ষা কার্যক্রম দেখুন
<https://education.nsw.gov.au/road-safety-education> কিংবা দেখুন
<https://education.nsw.gov.au> এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য অনুসন্ধান করুন।